

জরুরি ভিত্তিতে রেফার করার জন্য রোগীর তথ্য

এই তথ্যপত্র ব্যাখ্যা করে কেন আপনার জিপি আপনাকে হাসপাতালে রেফার করেছেন, এটি কী অর্থ বহন করে এবং আপনার কী করা প্রয়োজন

কেন আমাকে জরুরি ভিত্তিতে হাসপাতালে রেফার করা হয়েছে?

আপনাকে জরুরি ভিত্তিতে রেফার করা হয়েছে কারণ আপনার জিপি মনে করেন যে আপনার লক্ষণগুলি আরো অনুসন্ধান করা প্রয়োজন এবং তিনি আপনাকে একজন বিশেষজ্ঞের কাছে রেফার করেছেন। আপনার কি সমস্যা হয়েছে তা জানার জন্য আপনাকে দ্রুত দেখার প্রত্যাশা করতে পারেন।

এর অর্থ কি আমার ক্যাম্পার আছে?

এই লক্ষণগুলি অনেক সাধারণ অবস্থার সাথে জড়িত থাকতে পারে, যাতে ক্যাম্পারও অন্তর্ভুক্ত। জরুরি ভিত্তিতে রেফার করা বেশির ভাগ ব্যক্তির ক্যাম্পার থাকে না।

যদি ক্যাম্পার ধরা পড়ে, তাহলে আগে রোগনির্ণয়ের বিষয়টি নিশ্চিত করার অর্থ হল চিকিৎসা আরো কার্যকর হওয়ার সম্ভাবনা বেশি থাকবে এবং তাই আপনাকে জরুরি ভিত্তিতে দেখা গুরুত্বপূর্ণ।

যেহেতু এই রেফারাল জরুরি ভিত্তিতে করা হয়েছে, এর অর্থ হল যে আপনাকে হাসপাতালে দুই সপ্তাহের মধ্যে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হবে কিন্তু তা এক সপ্তাহের মধ্যেও হতে পারে। দ্রুত রোগনির্ণয়ের জন্য আপনাকে আগামী চার সপ্তাহে আরো পরীক্ষার জন্য উপস্থিত থাকার প্রয়োজন হতে পারে।

আপনার জিপি-র কী জানা প্রয়োজন?

- নিশ্চিত করুন যে আপনার জিপি আপনার সঠিক ঠিকানা এবং টেলিফোন নম্বর জানেন, আপনার মোবাইল ফোন থাকলে সেটির নম্বরসহ, কারণ হাসপাতাল আপনার সাথে টেলিফোনের মাধ্যমে যোগাযোগ করতে পারে
- যদি আপনি আগামী দুই সপ্তাহের মধ্যে অ্যাপয়েন্টমেন্টে উপস্থিত থাকতে না পারেন তাহলে তা আপনার জিপি-কে জানান
- যদি আপনার কোনো অনুবাদকের প্রয়োজন হয়, অনুগ্রহ করে আপনার জিপি-কে তা জানান এবং তিনি আপনার জন্য অনুবাদকের ব্যবস্থা করবেন
- যদি আপনি দুই সপ্তাহের মধ্যে হাসপাতাল থেকে কোনো অ্যাপয়েন্টমেন্ট না পান, তাহলে অনুগ্রহ করে আপনার জিপি-র প্র্যাকটিসের সাথে যোগাযোগ করুন।

এরপর কী হবে?

আপনার জিপি প্র্যাকটিস আপনার জন্য একটি অ্যাপয়েন্টমেন্টের বুকিং দেবেন। যদি আপনার জিপি আপনার জন্য অ্যাপয়েন্টমেন্টের বুকিং দিতে না পারেন, তাহলে এটার ব্যবস্থা করতে হাসপাতাল আপনার সাথে যোগাযোগ করবে।

হাসপাতাল আপনাকে অ্যাপয়েন্টমেন্ট সম্পর্কিত অতিরিক্ত তথ্য পাঠাতে পারে, যাতে উপস্থিত থাকার দিনে আপনার হবার সম্ভাবনা আছে এমন পরীক্ষাগুলি অন্তর্ভুক্ত রয়েছে।

একবার আপনি আপনার তারিখের বিষয়ে সম্মত হলে উপস্থিত হওয়া গুরুত্বপূর্ণ। যদি আপনি আপনার অ্যাপয়েন্টমেন্টটি না রাখতে পারেন, অনুগ্রহ করে আপনার নিশ্চিতকরণের চিঠিতে থাকা নম্বরটিতে কল করে অবিলম্বে হাসপাতালকে তা জানান।

হাসপাতালে কী ঘটবে?

আপনি যখন আপনার হাসপাতালের অ্যাপয়েন্টমেন্টে উপস্থিত হবেন আপনি সাধারণত একজন বিশেষজ্ঞকে দেখাবেন বা আপনার রোগনির্ণয়ের পরীক্ষা করা হবে। যদি আপনার অ্যাপয়েন্টমেন্টের সময় আপনার কোনো পরীক্ষার প্রয়োজন হয়, তাহলে তা আপনাকে অগ্রিম জানানো হবে, তাই অনুগ্রহ করে আগে দেওয়া যেকোনো নির্দেশাবলী মেনে চলার বিষয়টি নিশ্চিত করুন।

আপনার সাথে আপনি কোনো বন্ধু বা পরিবারের সদস্যকে নিয়ে আসতে পারেন, কারণ আপনার মেডিকেল টিম আপনার সাথে যা আলোচনা করবেন সেগুলো বুঝতে সমস্যা হওয়া নিয়ে আপনার কোনো উদ্বেগ থাকলে এতে সহায়তা হতে পারে।

কোনো প্রশ্ন আছে?

যদি আপনার হাসপাতালে রেফারালের বিষয়ে আপনার কোনো উদ্বেগ বা প্রশ্ন থাকে, তাহলে আপনাকে রেফার করা ব্যক্তির সাথে কথা বলার জন্য অনুগ্রহ করে আপনার জিপি সার্জারিতে কল করুন।

আরো তথ্যের জন্য দরকারি লিংকসমূহ

<https://www.cancerresearchuk.org/>

<https://www.macmillan.org.uk/information-and-support>